



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ  
ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ১২৯/২২

তারিখঃ ০২ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ  
১৭ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “আনসার আল ইসলাম” এর ০১ (এক) জন সক্রিয় সদস্য গ্রেফতার।**

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি অভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ১৬ ডিসেম্বর ২০২২ খ্রি. ২২.০৫ ঘটিকার সময় ডিএমপিয়ার যাত্রাবাড়ী থানাধীন মাতুয়াইল উত্তরপাড়া থেকে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসার আল ইসলাম” এর একজন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামীর নাম- যুলকিফল মাহমুদ @ শান্ত মাহমুদ (২৪), পিতা- মৃত শাহ আলম, মাতা- মোছাঃ সেলিনা বেগম, স্থায়ী ঠিকানা- চর লরেঙ্গ, থানা- কমল নগর, জেলা- লক্ষীপুর। গ্রেফতারের সময় উক্ত ব্যক্তির নিকট থেকে জিহাদের বয়ান সম্বলিত একটি ডায়েরী এবং তিনটি মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে যার মাধ্যমে সে জিহাদ সংশ্লিষ্ট একাধিক ফেসবুক আইডি ব্যবহার করত এবং টেলিগ্রামের মাধ্যমে বিভিন্ন জঙ্গি সংশ্লিষ্ট গ্রুপের সাথে যোগাযোগ রাখত।

গ্রেফতারকৃত আসামী ২০১৯ সালের দিকে তামিম আল আদনানীর বিভিন্ন ভিডিও হতে জঙ্গিবাদে উৎসাহিত হয় এবং জিহাদের জন্য প্রস্তুতি গ্রহণ করে। জিহাদের যোগদানের উদ্দেশ্যে সে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে বিভিন্ন ব্যক্তির সাথে যোগাযোগ শুরু করে, এরই প্রেক্ষাপটে যুলকিফল মাহমুদের সাথে আনসার আল ইসলামের কতিপয় সদস্যের যোগাযোগ হয়। ঐ সকল সদস্যের সিদ্ধান্ত মোতাবেক যুলকিফল মাহমুদ ব্যক্তি পর্যায়ে জিহাদের প্রশিক্ষণ নিতে শুরু করে এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে জিহাদের প্রচারণা চালিয়ে যায়। একই সাথে সাংগঠনকে শক্তিশালী করার জন্য চাঁদা প্রদান করে। আসামী ছদ্মনামে ফেসবুক আইডির মাধ্যমে নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “আনসার আল ইসলাম” এর ফেইসবুক পেইজের বিভিন্ন জঙ্গী সংক্রান্ত পোস্ট লাইক, কমেণ্ট, শেয়ার এবং নিজেও বিভিন্ন পোস্ট করে উগ্রবাদী কার্যক্রমে উৎসাহ দিয়ে তথাকথিত খিলাফত রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য জিহাদের প্রস্তুতি গ্রহণ করে আসছিল। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে ইতিপূর্বে উগ্রবাদ সংশ্লিষ্ট কার্যক্রমের অভিযোগ রয়েছে।

গ্রেফতারকৃত আসামী যুলকিফল মাহমুদ @ শান্ত মাহমুদ (২৪) এর বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৮/৯(৩)/১৩ মোতাবেক নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

*Abu*

১৭/১২/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)